2

দৈঃ জনকণ্ঠ

তারিখ 29 JUL 1996
পৃষ্ঠা ১ কলাম ৬

# শিক্ষাখাতে সর্বোচ্চ বরাদ্দ

সংসদ রিপোর্টার ॥ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সরকারের মতো বর্তমান শেখ হাসিনার সরকারও শিক্ষাখাতে সর্বোচ্চ বরাদ্দ দিয়েছে। চলতি '৯৬-৯৭ অর্থবছরে রাজস্ব ও উন্নয়ন বাজেটে শিক্ষাখাতে সর্বমোট তিন হাজার ৯৫২ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব করা

(শেষ পৃষ্ঠা ১ কঃ দেখুন)

## শিক্ষাখাতে সর্বোচ্চ

(প্রথম পাতার পর)

হয়েছে। '৯৫-৯৬ অর্থবছরের সংশোধিত বাজেটে এই খাতে বরাদ্দ ছিল তিন হাজার ৫২২ কোটি টাকা। অর্থাৎ গত বছরের চেয়ে চলতি অর্থবছরে শিক্ষাখাতে বরাদ্দ ৪৩০ কোটি টাকা বাড়ানো হয়েছে।

অর্থমন্ত্রী শাহ এএমএস কিবরিয়া রবিবার জাতীয় সংসদে '৯৬-৯৭ অর্থবছরের বাজেট ঘোষণাকালে এই বরাদ্দের প্রস্তাব করেন। তিনি বলেন, বর্তমান সরকার দশ বছরের মধ্যে দেশকে নিরক্ষরতার অভিশাপ মুক্ত করার জন্য বদ্ধপরিকর। শিক্ষার উন্নয়নের জন্য শুধু অতিরিক্ত বরাদ্দই যথেষ্ট নয়। নিরক্ষরতা নির্মূল করার জন্য সর্বস্তরের জনগণকে সম্পৃক্ত করে জাতীয় আন্দোলন সৃষ্টির উদ্যোগ নেয়া হবে। ডক্টর কুদরত-ই-খুদা কমিশন প্রতিবেদনের আলোকে সামগ্রিক শিক্ষা ব্যবস্থায় আমূল পরিবর্তন আনা হবে।

শিক্ষার পর দ্বিতীয় সর্বোচ্চ বরাদ্দ দেয়া হয়েছে অর্থ মন্ত্রণালয়কে। এই মন্ত্রণালয়ের প্রস্তাবিত বরাদ্দের পরিমাণ দুই হাজার ৭৩৬ কোটি টাকা। তৃতীয় সর্বোচ্চ বরাদ্দ দেয়া হয়েছে প্রতিরক্ষা খাতে। এই খাতে গত বছরের চেয়ে ১৭৯ কোটি টাকা বরাদ্দ বাড়িয়ে রাজস্ব ও উন্নয়ন খাত মিলিয়ে সর্বমোট বরাদ্দ দেয়া হয়েছে দুই হাজার ২৭১ কোটি টাকা। চতুর্থ সর্বোচ্চ বরাদ্দ দেয়া হয়েছে স্থানীয় সরকার বিভাগকে মোট প্রায় দুই হাজার ৬৬ কোটি টাকা।

এছাড়া রাজস্ব ও উন্নয়ন খাত মিলিয়ে স্বাস্থ্য খাতে এক হাজার ৭৪০ কোটি টাকা, জ্বালানি খাতে এক হাজার ৭২২ কোটি টাকা, কৃষি খাতে প্রায় ৭১৪ কোটি টাকা, পরিবেশ খাতে ১৫৮ কোটি টাকা, মৎস্য ও পশু সম্পদ খাতে, ২২৫ কোটি টাকা, পানি সম্পদ খাতে এক হাজার ১৪৩ কোটি টাকা, সমাজকল্যাণ খাতে ১৩২ কোটি টাকা, যুব ও ক্রীড়া খাতে ১৫০ কোটি টাকা, পল্লী উন্নয়ন খাতে ২২৪ কোটি টাকা, বিজ্ঞান ও প্রযুক্তি খাতে ১৩১ কোটি টাকা, সড়ক ও রেল খাতে এক হাজার ৪৮৬ কোটি টাকা, যমুনা সেতু খাতে এক হাজার ৬০ কোটি টাকা, শিল্প খাতে ১২৫ কোটি টাকা, গতপূর্ত খাতে ৩২৬ কোটি টাকা, স্বরাষ্ট্র মন্ত্রণালয় খাতে এক হাজার ৯১ কোটি টাকা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ খাতে ছয় শ' কোটি টাকা বরাদ্দ দেয়া হয়েছে।